দৈনিক বাংলা

তারিখ 30 OCT 1990
পৃষ্ঠা ... কলাম ...

# আলিম কামিল ও ফাজিল পরীক্ষার ফল প্রকাশিত

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আও-তায় চলতি বছর মে-জুন মাসে অনুষ্ঠিত আলিম, কামিল ও ফাজিল পরীক্ষার ফল সোমবার ঢাকায় ঘোষণা করা হয়েছে।

প্রেসিডেন্টের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা আলহাজ্ব মনসুর আলী সরকার ঢাকায় সচিবালয়ে—শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এ সাংবাদিক সম্মেলনে এসব পরীক্ষার ফল ঘোষণা করেন। খবরবাসস'র।


মোট ২৫ হাজার ৬২৬ জন আলিম পরীক্ষায় অংশগ্রহণ করেন। তাদের মধ্যে ১১ হাজার ৫২৩ জন উত্তীর্ণ হন। পাশের হার শতকরা ৪৪ দশমিক ৯৬।

তাদের মধ্যে ৩৪৯ জন প্রথম বিভাগে, চার হাজার ৬২৬ জন দ্বিতীয় বিভাগে এবং ছয় হাজার ৫৪৮ জন তৃতীয় বিভাগ পেয়েছেন। মোট দু'হাজার ৬০৮ জন পরী-


(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)



মুহম্মদ আবুল কালাম আজাদ কামিল পরীক্ষায় প্রথম



মোহাম্মদ আখতার হোসেন আলিম পরীক্ষায় প্রথম



আলিম পরীক্ষায় ২য় আবুল ফাতাহ মোহম্মদ মুহিউদ্দিন

## ফল প্রকাশিত

(প্রথম পৃঃ পর)

ক্ষার্থীকে পরীক্ষার হল থেকে বহিষ্কার করা হয়।

ফাজিল পরীক্ষায় মোট ১৫ হাজার ১৯৯ জন পরীক্ষার্থীর মধ্যে সাত হাজার ৯৯ জন উত্তীর্ণ হন। পাসের হার শতকরা ৪৬ দশমিক ৭ ভাগ। তাদের মধ্যে ৩৭ জন প্রথম বিভাগ পেয়েছেন এবং দু'হাজার ১৭৩ জন দ্বিতীয় বিভাগ ও চার হাজার ৮৮৯ জন তৃতীয় বিভাগ লাভ করেন। পরীক্ষার হল থেকে এক হাজার ৬৪৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হন।

কামিল পরীক্ষায় নয় হাজার ১৫৫ জন পরীক্ষার্থী পরীক্ষা দেন। তাদের মধ্যে পাঁচ হাজার ৫০৮ জন উত্তীর্ণ হন। পাসের হার শতকরা ৬০ দশমিক ১৬। মোট ১০৪ জন প্রথম বিভাগে, দু'হাজার ৫৯৩ জন দ্বিতীয় বিভাগে এবং দু'হাজার ৮১১ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হন। পরীক্ষায় হল থেকে ৫৫০ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছেন।

সারা দেশে মোট ১৫৮টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পরীক্ষার ফল ঘোষণা অনুষ্ঠানে উপ-স্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব জামিল চৌধুরী এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এমএ আবদুলমান্নান।

## আলিম পরীক্ষার সম্মিলিত মেধা তালিকা

১ম—মোহম্মদ আখতার হোসেন ইসলামিয়া আলিয়া মাদ্রাসা, কুমিল্লা। রোল-৭৭৫ (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর ৯০১।

২য়—আবুল ফাতাহ মোহম্মদ মুহি-উদ্দীন, জামেয়া গাউসিয়া মইনিয়া আলিয়া মাদ্রাসা, চট্টগ্রাম। রোল-২৪৩৭০ (সাধারণ) প্রাপ্ত নম্বর ৮১৮।

৩য়—মুহম্মদ আলী হোসেন, আল মাদ্রাসাতুল জমহরিয়া, নাটোর। রোল-৪৫২ (বিজ্ঞান), প্রাপ্ত নম্বর ৭৮৬।

৪র্থ—খন্দকার মোস্তফা কামাল, তন্দিনাহাটি সিনিয়র মাদ্রাসা, গাজীপুর। রোল-৬০ (বিজ্ঞান) প্রাপ্ত নম্বর ৭৬৫।

৫ম—মুহম্মদ সায়ফুল্লাহ মুনির, জয়-নারায়নপুর ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা, নোয়াখালী। রোল-২১৬৯৭ (সাধারণ), প্রাপ্ত নম্বর ৭৬০।

## কামিল পরীক্ষার মেধা তালিকা

প্রথম—মুহম্মদ আবুল কালাম আজাদ, মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা, রোল-৮৮৭৬, প্রাপ্ত নম্বর ৮২৬।

২য়—মুহম্মদ নুরুল আমিন, রাঙ্গুনিয়া আলমশাহ পাড়া আলিয়া মাদ্রাসা, চট্টগ্রাম। রোল ৮৮২৫। প্রাপ্ত নম্বর ৮০৫।

৩য়—মুহম্মদ আনওয়ার হোসেন, রাঙ্গুনিয়া আলমশাহ পাড়া আলিয়া মাদ্রাসা, চট্টগ্রাম। রোল ৮৯২৮। প্রাপ্ত নম্বর ৭৮০।

৪র্থ—মুহম্মদ আবদুল হাই সিদ্দিকী, রাঙ্গুনিয়া আলমশাহ পাড়া আলিয়া মাদ্রাসা, চট্টগ্রাম। রোল-৮৯২৭। প্রাপ্ত নম্বর ৭৬৩।

৫ম—দিলারা বানু, আমিনিয়া আলিয়া মাদ্রাসা, যশোর। রোল-ম৩৫৬৬। প্রাপ্ত নম্বর ৭৫৩।

## ফাজিল পরীক্ষার মেধা তালিকা

প্রথম—মুহম্মদ খলিলুর রহমান, ধামতি ইসলামিয়া আলিয়া মাদ্রাসা, কুমিল্লা। রোল-১০৮৭৭। প্রাপ্ত নম্বর ৭৩৪।

২য়—মুহম্মদ সায়েক উল্লাহ, ধামতি ইসলামিয়া আলিয়া মাদ্রাসা, কুমিল্লা। রোল-১০৮৭৬। প্রাপ্ত নম্বর ৭২৯।

৩য়—এম শামিম আহসান, করুণা মোকামিয়া আলিয়া মাদ্রাসা, বরগুনা। রোল-১০২৪৯। প্রাপ্ত নম্বর ৭১৪।

৪র্থ—মোহাম্মদ রহিম উল্লাহ, ধামতি ইসলামিয়া আলিয়া মাদ্রাসা, কুমিল্লা। রোল-১০৮৭৯। প্রাপ্ত নম্বর ৭০৫।

৫ম—এম মোশাররফ হোসেন, খুলনা আলিয়া মাদ্রাসা, খুলনা। রোল-৭৬১৭। প্রাপ্ত নম্বর ৬৯১।